

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, টাঙ্গাইল
আইসিটি শাখা
www.tangail.gov.bd

স্মারক নম্বর: ০৫.৩০.৯৩০০.০২৫.০৪.০২৪.২২. ০৭

তারিখ: ১৮ কার্তিক ১৪২৯ ব:
০৩ নভেম্বর ২০২২ খ্রি:

বিষয়: জেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য “ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২” এর প্যাভিলিয়ন ২ (ডিজিটাল সেবা) প্যাভিলিয়নে অংশগ্রহণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং এটুআই প্রোগ্রাম এর সহযোগিতায় জেলা প্রশাসন, টাঙ্গাইলের উদ্যোগে জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মুখে অবস্থিত জনসেবা চত্বরে আগামী ১৮ ও ১৯ নভেম্বর ২০২২; রোজ শূক্র ও শনিবার ২ (দুই) দিন ব্যাপী “উদ্ভাবনী জয়োল্লাসে স্মার্ট বাংলাদেশ” এই স্লোগানকে সামনে রেখে ডিজিটাল উদ্ভাবনী মেলা ২০২২ অনুষ্ঠিত হবে।

মেলার সময়সূচি নিম্নরূপ:

ভেন্যু : জনসেবা চত্বর, জেলা প্রশাসকের কার্যালয়ের সম্মুখে, টাঙ্গাইল
তারিখ : ১৮ ও ১৯ নভেম্বর ২০২২ (দুই) দিনব্যাপী।
শুভ উদ্বোধন : ১৮ নভেম্বর ২০২২; সকাল ১০.৩০ টায়
মেলা চলবে : প্রতিদিন বেলা ১০.০০ টা হতে বিকাল ৫.০০ টা পর্যন্ত।

এমতাবস্থায়, তাঁর দপ্তর/প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সেবা/ডিজিটাল সেবা/ উদ্ভাবনী উদ্যোগ/সরকারের বিভিন্ন উদ্যোগসমূহ মেলার প্যাভিলিয়ন ২ (ডিজিটাল সেবা) প্যাভিলিয়নে সকলের মাঝে প্রদর্শন এবং মেলা প্রাঙ্গণে আগত সেবা প্রদাতাশীদের মাঝে তাৎক্ষণিক সেবা প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। মেলায় স্টল বরাদ্দ নিতে আগামী ১৩ নভেম্বর ২০২২ তারিখের মধ্যে এ কার্যালয়ের আইসিটি শাখায় (১০৬ নং কক্ষে) যোগাযোগ করে নাম এন্ট্রি করার জন্য অনুরোধ করা হলো। এতদবিষয়ে বিস্তারিত জানতে জনাব মো: রাজিবুল হাসান, অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর এর সাথে (০২৭১৬৫৯৬৯২৯) যোগাযোগ করা যেতে পারে। উল্লেখ্য সেবা প্রদানের দিক বিবেচনায় (সংযুক্ত ছক) মেলায় অংশগ্রহণকারীদের মধ্য হতে শ্রেষ্ঠ ০৩টি স্টলকে পুরস্কৃত করা হবে।


মো: ওলিউজ্জামান

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)
টাঙ্গাইল

ফোন: ০২৯৯৭৭-১৪৯০৫

ই-মেইল: adcicttangail@gmail.com

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
২. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, ঢাকা
৩. জেলা প্রশাসক, টাঙ্গাইল

:- শ্রেষ্ঠ ডিজিটাল সেবা প্রদানকারী দপ্তর মনোনয়ন ছক :-

ক্রম	ইন্ডিকেটর	বিবরণ
১	ই-সেবার শিরোনাম ও সংখ্যা	
২	সেবা গ্রহীতার সংখ্যা	
৩	নির্ধারিত সময়ের মধ্যে সেবা প্রদানের সংখ্যা (প্রমাণসহ)	
৪	আবেদনের প্রাপ্তি স্বীকার পত্র প্রদান	
৫	ডিজিটাল সেন্টার এর সাথে সম্পৃক্ততা	
৬	অফিসের ফেসবুক পেজ চালু করা হয়েছে কিনা ? লিংক লিখুন	
৭	ফেসবুকের মাধ্যমে নাগরিক সেবা প্রদান করা হয় কিনা ? হয়ে থাকলে তার সংখ্যা এবং স্ক্রীনশট সংযুক্ত করুন	
৮	তাঁর দপ্তরের পোর্টাল ১০০% আপডেট আছে কিনা ? (যেমন: কর্মকর্তা-কর্মচারীর হালনাগাদ তথ্য, সিটিজেন চার্টার, সেবা প্রাপ্তির ধাপসমূহ, ফটো-গ্যালারী ইত্যাদি)	
৯	অফিসিয়াল পত্র যোগাযোগের মাধ্যম হিসেবে নিয়মিত অফিসিয়াল মেইল ব্যবহার করা হয় কিনা ?	
১০	অফিসের সনাতন সেবা পদ্ধতি সহজীকরণের কোন উদ্যোগ গ্রহণ করেছেন কিনা ? করা হয়ে থাকলে লিখুন	

